গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
www.sadar.rajbari.gov.bd

# "বাংলা ১৪৩১ সনের হাট-বাজারের ইজারা বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২. ০১১.৮৭০ নং স্মারকের জারীকৃত নীতিমালা মোতাবেক রাজবাড়ী সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা বন্দোবস্ত দেয়ার নিমিত্ত দরপত্র সিডিউল উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত তারিখে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। শর্ত সম্বলিত দরপত্র নিম্নবর্ণিত অফিস চলাকালীন সময়ে **জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী, সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী, সোনালী ব্যাংক লিমিটেড, উপজেলা কমপ্লেক্স শাখা, রাজবাড়ী সদর থানা, রাজবাড়ী** এবং **নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে** নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) সংগ্রহ করা হবে।

দরপত্র দাখিলের দিন নির্ধারিত সময় পর্যন্ত **উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর এবং জেলা প্রশাসক, রাজবাড়ী এর কার্যালয়ে** রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। ধার্য্য তারিখে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ব্যাংক ড্রাফট্ বা পে-অডারের মাধ্যমে জমা দিতে হবে। ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র সিডিউলে বিস্তারিত শর্ত উল্লেখ আছে অথবা নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে প্রতিদিন অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | বিগত ৩ বছরের গড় মূল্য (কাঙ্খিত সরকারী মূল্য) | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১ | কুটির হাট-বাজার | শহীদওহাবপুর | ৯৭,৬৫,২১৪/- | ২০,২০০/- |
| ২ | গোয়ালন্দ মোড় হাট-বাজার | ঐ | ২,৪৯,৭৬২/- | ১,২০০/- |
| ৩ | সূর্য্যনগর হাট-বাজার | মিজানপুর | ৮১,২৬৭/- | ৫০০/- |
| ৪ | বাগমারা হাট-বাজার | ঐ | ৩,০২,৩০২/- | ১,৪০০/- |
| ৫ | জৌকুড়া হাট-বাজার | চন্দনী | ১,৩৫,৮৫৭/- | ১,০০০/- |
| ৬ | চন্দনী হাট-বাজার | ঐ | ১,২৯,৯৩৫/- | ১,০০০/- |
| ৭ | আফড়া হাট-বাজার | ঐ | ১১,৬২৫/- | ৫০০/- |
| ৮ | কাজির হাট-বাজার | ঐ | ৪৬,২৮৭/- | ৫০০/- |
| ৯ | কোলার হাট-বাজার | বসন্তপুর | ৩৬,৭৭,৪৯৩/- | ৮,০০০/- |
| ১০ | উদয়পুর হাট-বাজার | ঐ | ২১,৪১৭৩/- | ১,২০০/- |
| ১১ | রাজাপুর হাট-বাজার | ঐ | ১,০১,৯৭২/- | ১,০০০/- |
| ১২ | বসন্তপুর হাট-বাজার | ঐ | ৩,৯৮,৫২৫/- | ১,৪০০/- |
| ১৩ | কোলা পশুর হাট | ঐ | ৩৭,৬৩০/- | ৫০০/- |
| ১৪ | খানখানাপুর হাট-বাজার | খানখানাপুর | ৩৩,৮১,৬১৯/- | ৭,৪০০/- |
| ১৫ | বেলগাছী দাদপুর হাট-বাজার | খানগঞ্জ | ১৩,৫৩,২২৬/- | ৩,৪০০/- |
| ১৬ | খানগঞ্জ পুরাতন বাজার | ঐ | ২,৩১,৬৩৯/- | ১,২০০/- |
| ১৭ | বানীবহ ১ নং হাট-বাজার | বানীবহ | ১৬,১১,২২৫/- | ৪,০০০/- |
| ১৮ | বানীবহ ২ নং হাট-বাজার | ঐ | ৫৩,২৫৭/- | ৫০০/- |
| ১৯ | বানীবহ পশুর হাট | ঐ | ১১,৪৪,০৯৩/- | ৩,০০০/- |
| ২০ | নবগ্রাম হাট-বাজার | বরাট | ৫৩,১৮১/- | ৫০০/- |
| ২১ | বরাট হাট-বাজার | ঐ | ২,৩২,৪৯২/- | ১,২০০/- |
| ২২ | লালগোলা হাট-বাজার | ঐ | ১,০১,৭৪২/- | ১,০০০/- |
| ২৩ | উড়াকান্দা হাট-বাজার | ঐ | ৩,০১,৫৭৪/- | ১,৪০০/- |
| ২৪ | বারবাকপুর হাট-বাজার | আলীপুর | ২৩,৩৯১/- | ৫০০/- |
| ২৫ | আলীপুর হাট-বাজার | ঐ | ৩১,৮৭৩/- | ৫০০/- |
| ২৬ | আলাদীপুর হাট-বাজার | ঐ | ২,১১,১১৭/- | ১,২০০/- |
| ২৭ | কল্যাণপুর হাট-বাজার | ঐ | ১,৭৬,৫৪৫/- | ১,০০০/- |
| ২৮ | মাটিপাড়া হাট-বাজার | রামকান্তপুর | ৪,০৫,৭২৮/- | ১,৬০০/- |
| ২৯ | ক্যানাডা হাট-বাজার | ঐ | ১৫,৮৮৪/- | ৫০০/- |
| ৩০ | কুটি পাঁচুরিয়া হাট-বাজার | পাঁচুরিয়া | ১,৩২,১১৬/- | ১,০০০/- |
| ৩১ | সিংগা হাট-বাজার | দাদশী | ২২,৬১৩/- | ৫০০/- |
| ৩২ | রশোড়া হাট-বাজার | মূলঘর | ৯,৪৩৪/- | ৫০০/- |
| ৩৩ | রামনগর হাট | সুলতানপর | ৭৯৭/- | ৫০০/- |

-: দরপত্র ক্রয়, দাখিল ও খোলার সময়সূচী :-

| পর্যায়/দফা | দরপত্র ক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ২৭/০২/২০২৪ খ্রিঃ হতে ২৯/০২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত | ০৩/০৩/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত | ০৩/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ টা |
| ২য় (১ম দফার অবশিষ্ট হাট-বাজারের জন্য) | ০৪/০৩/২০২৪ খ্রিঃ হতে ০৬/০৩/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত | ০৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত | ০৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ টা |
| ৩য় (১ম ও ২য় দফার অবশিষ্ট হাট-বাজারের জন্য) | ১০/০৩/২০২৪ খ্রিঃ হতে ১২/০৩/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত | ১৩/০৩/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত | ১৩/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ টা |

**১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী**

০১। বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্র উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে **উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী** এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে। এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

০৩। দরপত্র খোলার পর যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনবায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। দ্বিতীয় এবং তৃতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হতে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহর খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকান ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গন্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
(শোভন রাংসা)
পরিচিতি নং-১৭৮৯৯
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
টেলিফোন নং-০২৪৭৯৯২৬০৬০
মোবাইল নম্বর : ০১৭৩৩-৩৩৬৪০৪
ই-মেইল-unorajbari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৯৪.০১৮.০০.০৪.০০১.২৩- ২০৪(২৫০) তারিখ : ১১/০২/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী।
০৩। পুলিশ সুপার, রাজবাড়ী।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), রাজবাড়ী।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা/বালিয়াকান্দি/গোয়ালন্দ/কালুখালী, রাজবাড়ী।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৭। জেলা তথ্য অফিসার, রাজবাড়ী।
০৮। সহকারী কমিশানর (ভূমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৯। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
১০। সাব রেজিষ্টার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১১। ব্যবস্থাপক, ............................................ ব্যাংক, রাজবাড়ী।
১২। পোষ্ট মাষ্টার,.................................................... পোষ্ট অফিস, রাজবাড়ী।
১৩। চেয়ারম্যান,...................................................... ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৪। সহকারী সেটেলমেন্ট অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৫। সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ী (ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা............................................ ইউনিয়ন ভূমি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। (তাকে বিজ্ঞপ্তিটি ঢোলসহরতসহ বহুল প্রচারের জন্য বলা হলো।)
১৭। প্রাক্তন ইজারাদার............................................ হাট-বাজার (বাংলা ১৪৩০ সন), রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৮। জনাব ..................................................।

১১/০২/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।